গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সিভিল সার্জনের কার্যালয়

ঝিনাইদহ

jhenaidah@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএসঝি/প্রশাসন/শা-১/নিয়োগ/২০২৫/১১৫০ www.prebd.com তারিখ : ৩১/০৭/২০২৫ইং।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং-প্রশা-১/এডি/২সি-৭/২০০১-১৪৭ তারিখঃ ১৭/০১/২০২৪ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, ঝিনাইদহ ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব (স্থায়ী ও অস্থায়ী) খাতের অন্তর্ভুক্ত শূন্যপদ সমূহে অস্থায়ী ভিত্তিতে ১১-১৯ গ্রেড (পূর্বতন ৩য় শ্রেনী) জনবল নিয়োগের লক্ষ্যে বাংলদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে অনলাইন http://cs.jhenaidah.teletalk.com.bd ওয়েব সাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৩ (তিন) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | শুধুমাত্র ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৭ (সাত) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষ এবং কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২০ ও ইংরাজীতে ২০ শব্দ গতি থাকতে হবে। | |
| ০৩ | স্টোর কিপার | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ১৩৫ (একশত পয়ত্রিশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | ল্যাবরেটরী এটেনডেন্ট | ০৫ (পাঁচ) | গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশ গ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-

০১। আগ্রহী প্রার্থীগণ http//csjhenaidah.telealk.com.bd এ ওয়েবসাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে। অন্যকোন ভাবে দাখিলকৃত বা প্রেরীত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। আবেদনপত্র লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

০২। প্রার্থীগণকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। কোন প্রার্থী বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।এন্ড্রয়েড অ্যাপ - জব সার্কুলার

০৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা parmanent address যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করতে হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র NID অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ দাখিল করতে হবে।

০৫। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখ-১০/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক ০১/১০/২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক ও ১৬/১০/২০১৮ তারিখে দৈনিক সমাজের কথা পত্রিকায় প্রকাশিত এবং ২৫/০৪/২০২৪ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।